যায়যায়দিন

1 1 NOV 2008

# তিনদিনের শিক্ষক কর্মবিরতিতে জাবি অচল

জাবি প্রতিনিধি

শিক্ষক লাঞ্ছনাকারীদের স্থায়ী শাস্তির দাবিতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির কর্মবিরতিতে অচল হয়ে পড়েছে শিক্ষা কার্যক্রম। গতকাল এ কর্মসূচির তিনদিন অতিবাহিত হয়েছে।

নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের সভাপতি ও সহযোগী অধ্যাপক আহমেদ সানী (আনোয়ার হুসেন) ছাত্রী নিপীড়নের অভিযোগ থেকে অব্যাহতি পেয়ে ২১ অক্টোবর বিভাগে ফিরলে তাকে লাঞ্ছিত করে বিভাগের আন্দোলনকারী শিক্ষার্থীরা। ওইদিন রাত ৮টায় জরুরি সিন্ডিকেট সভায় বিভাগের ছয় শিক্ষার্থীকে সাময়িক বহিষ্কার করে তাদের বিরুদ্ধে চূড়ান্ত ব্যবস্থা নিতে ডিসিপ্লিনারি কমিটিকে নির্দেশ দেয়া হয়। সে অনুযায়ী কমিটি এ ঘটনায় সংশ্লিষ্টদের সাক্ষ্য গ্রহণ ও আনুষঙ্গিক কাজ করে যাচ্ছে।

শিক্ষক লাঞ্ছনার ঘটনায় জড়িতদের স্থায়ী শাস্তির দাবিতে শনিবার থেকে ক্লাসসহ সব ধরনের প্রশাসনিক কাজ বর্জন শুরু করে জাবি শিক্ষক সমিতি। তাদের এ কর্মসূচির ফলে অধিকাংশ বিভাগেই ক্লাস হয়নি। শিক্ষকরা বিভাগে উপস্থিত থাকলেও ক্লাসে যাননি। শুধু পূর্বনির্ধারিত পরীক্ষাগুলো অনুষ্ঠিত হয়েছে। তবে দু'একটি বিভাগে বিক্ষিপ্তভাবে কিছু ক্লাস হলেও বেশিরভাগ বিভাগই সমিতির আহ্বানে সাড়া দিয়ে কর্মসূচি পালন করে। সমিতি এ দাবিতে আগেও বিভিন্ন কর্মসূচি পালন করে।

শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক অজিত কুমার মজুমদার বলেন, আমরা আমাদের দাবিতে কর্মসূচি চালিয়ে যাচ্ছি। এক প্রশ্নের জবাবে তিনি জানান, প্রশাসন থেকে কোনো ধরনের সমঝোতার প্রস্তাব দেয়া হয়নি। তবে কর্মসূচি থেকে বিরত থাকার অনুরোধ জানিয়ে চিঠি দেয়া হয়েছে।